দৈনিক
ইত্তেফাক

23 NOV 2006

কলেজ পরিচিতি

# গাজীপুর ক্যাডেট কলেজ

সাদিক করিম

প্রতিযোগিতার এই যুগে শুধু পাঠ্যবইই একজন শিক্ষার্থীর জন্য যথেষ্ট নয়। সে জন্য শিক্ষাঙ্গনগুলোতেও চালু হচ্ছে নবনব শিক্ষা ব্যবস্থা। সেদিক থেকে ক্যাডেট কলেজের শিক্ষা গতানুগতিক প্রাতিষ্ঠানিক শিক্ষার চেয়ে একটু ভিন্ন ধারার বিধায় অনেকেরই দৃষ্টি কাড়তে সক্ষম হয়েছে। বাংলাদেশ সরকারের প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনে ১৯৫৮ সাল থেকে সেনাবাহিনীর এ্যাডজুটেন্ট জেনারেলের প্রত্যক্ষ নিয়ন্ত্রণে পরিচালিত ক্যাডেট কলেজের মাধ্যমে ক্যাডেট কলেজ সংক্রান্ত ধারণা বিকাশ লাভ করতে থাকে। এরই ফলশ্রুতিতে বর্তমানে বাংলাদেশে ১২টি সরকারী ক্যাডেট কলেজ প্রতিষ্ঠিত হয়েছে। কিন্তু শিক্ষার্থীর তুলনায় সরকারী ক্যাডেট কলেজের সংখ্যা কম থাকায় এগিয়ে আসেন বেসরকারী উদ্যোক্তাগণ। এই উদ্যোগের ফলস্বরূপ গাজীপুরে গড়ে উঠেছে 'গাজীপুর ক্যাডেট কলেজ'। বাংলাদেশের প্রথম বেসরকারী ক্যাডেট কলেজ হিসেবে ২০০৪ সালের ৫ মার্চ থেকে-এর কার্যক্রম শুরু হয়।



অবস্থানঃ জিয়া আন্তর্জাতিক বিমান বন্দর থেকে ১৮ মাইল উত্তরে ঢাকা-ময়মনসিংহ রোডের রাজেন্দ্রপুর ক্যান্টনমেন্ট মোড় থেকে ২ মাইল পশ্চিমে ৪০ বিঘা জমির উপর গড়ে উঠেছে গাজীপুর ক্যাডেট কলেজ।

ক্যাডেটদের শিক্ষা কার্যক্রমঃ এ কলেজে একজন ক্যাডেট ৬ষ্ঠ শ্রেণী থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত ৭ বছর আনুষ্ঠানিকভাবে লেখাপড়া ও অন্যান্য প্রশিক্ষণ লাভের সুযোগ পায়। এরপর শিক্ষা বোর্ড পরিচালিত উচ্চ মাধ্যমিক পরীক্ষা শেষে একজন ক্যাডেটের কলেজ জীবনের সমাপ্তি ঘটে। কলেজের প্রতিটি শিক্ষাবর্ষ চারটি টার্মে বিভক্ত। প্রত্যেক টার্মে নির্দিষ্ট সময়ের জন্য অবকাশ যাপনের উদ্দেশ্যে ক্যাডেটরা নিজ নিজ বাড়ি যেতে পারে।

ক্যাডেটদের প্রাত্যহিক কার্যাবলিঃ ভোর ৫/৬টা থেকে রাত ১০/১১টা পর্যন্ত ক্যাডেটরা নির্দিষ্ট সময়সূচিতে প্রশিক্ষণের বিভিন্ন কর্মকাণ্ডে অংশগ্রহণ করে। সকালে ফজরের নামাযের পর ১ম ও ২য় টার্মে প্রতি সপ্তাহের ৩ দিন ক্যাডেটদের কোরআন তেলাওয়াত শেখানো হয়। এরপর সপ্তাহের ২ দিন শরীর চর্চা ও ২ দিন কুচকাওয়াজে অংশগ্রহণ করতে হয়। শরীর চর্চা ও কুচকাওয়াজের পর ক্যাডেটরা ফিরে আসে তাদের ছাত্রবাসে। নির্দিষ্ট সময়ে খাওয়া শেষে পরিপাটি হয়ে চলে আসতে হয় ক্লাসে।

পাঠদান পদ্ধতিঃ শীতকালে সকাল ৭ঃ৪৫ থেকে দুপুর ১ঃ৩০ পর্যন্ত এবং গ্রীষ্মকালে সকাল ৭ঃ৩০ থেকে ১ঃ৩০ পর্যন্ত শ্রেণী কক্ষে আনুষ্ঠানিক পাঠদান কাজ পরিচালিত হয়। সাধারণ স্কুল কলেজের ছাত্র-ছাত্রীরা নিজ নিজ বাড়িতে যে পড়াশুনা করে, ক্যাডেটদের ক্ষেত্রে তারই বিকল্প পাঠ পদ্ধতি। তিনটি পর্যায়ে পাঠ প্রস্তুতির জন্য দৈনিক প্রায় ৪ ঘন্টা সময় বরাদ্দ করা আছে।

বিনোদন ব্যবস্থাঃ প্রতি হাউজ ক্যাডেটদের জন্য রয়েছে নানা রকম বিনোদন ব্যবস্থা। নির্দিষ্ট সময় টিভি-ভিসিডিতে অনুষ্ঠান উপভোগ ছাড়াও রয়েছে নানারকম খেলাধুলার ব্যবস্থা। রয়েছে নানারকম সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন।

ভর্তির নিয়মাবলীঃ গাজীপুর ক্যাডেট কলেজে বছরের দু'বার ভর্তি প্রক্রিয়া চলে। লিখিত পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মেধানুসারে নির্দিষ্ট সংখ্যক প্রার্থীকে মৌখিক ও ডাক্তারী পরীক্ষার জন্য ডাকা হয় এবং সকল পরীক্ষায় উত্তীর্ণরাই ভর্তি হতে পারে এ ক্যাডেট কলেজে। ভর্তির জন্য গাজীপুর ছাড়া ঢাকা অফিসেও যোগাযোগ করতে পারেন।

৪৫, পূর্ব তেজতুরী বাজার, ফার্মগেট। ফোন- ৯১৪০৪১৩।